75

দৈনিক সংবাদ

তারিখ 18 MAY 1997
পৃষ্ঠা ১ কলাম ১

# ছাত্রশিবির রাজশাহী ভার্সিটিতে আরো ১৫ দিন ধর্মঘট ডেকেছে

রাজশাহী বিশ্ববিদ্যালয়, ১৫ই মে (বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)।- ইসলামী ছাত্রশিবির রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ষষ্ঠ দফায় এবার ১৫ দিনের ধর্মঘট আহ্বান করেছে। লাগাতার এই ধর্মঘট তারা পালন করবে ১৭ই মে থেকে ৩১শে মে পর্যন্ত। এর আগে পাঁচ দফায় তারা এক সপ্তাহ করে ধর্মঘট ডেকেছিল।

পঞ্চম দফা সপ্তাহব্যাপী ধর্মঘটের আজ ছিল শেষ দিন। তবে বিশ্ববিদ্যালয় প্রশাসনের কাজকর্ম স্বাভাবিক ছিল। অবশ্য বাস চলেনি এবং ব্যাংক খোলেনি। ধর্মঘট সফল করার জন্যে ছাত্রশিবির যথারীতি গভীর রাত থেকে বোমাবাজি শুরু করে। গতকাল গভীর রাতে বোমা হামলার লক্ষ্য ছিল প্রক্টর ডঃ মোখলেসুর রহমানের বাসভবন। তার বাসার সামনে ছুড়ে মারা একটি বোমা বিস্ফোরিত হলেও অপর একটি বোমা তাজা অবস্থায় পুলিশ উদ্ধার করে। ভোর রাতেও ক্যাম্পাসের বিভিন্ন স্থানে বোমা হামলা চালানো হয়।

বিকেলে বিশ্ববিদ্যালয় সংলগ্ন বিনোদপুর বাজারে ছাত্রশিবিরের আসামি সন্ত্রাসীরা 'পুলিশ প্রহরায়' সভা করে এবং ধর্মঘটের নতুন কর্মসূচির কথা বয়ান করে।

SHEET —— OF —— SHEETS